

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩১৭

ধর্মনগর, ২৯ মে, ২০২৪

সাংবাদিক সম্মেলনে উত্তর ত্রিপুরা জেলা নির্বাচন আধিকারিক

উত্তর ত্রিপুরা জেলায় ভোট গণনার কাজ সুষ্ঠুভাবে  
সম্পন্ন করতে সব ধরণের প্রস্তুতি নেওয়া হয়েছে

উত্তর ত্রিপুরা জেলায় ২-ত্রিপুরা পূর্ব (এসটি) সংসদীয় ক্ষেত্রের নির্বাচনের ভোট গণনার কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করতে সব ধরণের প্রস্তুতি নেওয়া হয়েছে। আজ জেলা নির্বাচন আধিকারিক তথ্য জেলাশাসক ও সমাহৃতা দেবপ্রিয় বর্ধন এক সাংবাদিক সম্মেলনে একথা জানান। জেলাশাসক কার্যালয়ের সভাকক্ষে আয়োজিত সাংবাদিক সম্মেলনে জেলাশাসক জানান, উত্তর ত্রিপুরা জেলার ৭টি বিধানসভা ক্ষেত্রের গণনা জেলার ৩টি মহকুমায় অনুষ্ঠিত হবে। ৫৪-কদমতলা-কুর্তি, ৫৫-বাগবাসা, ৫৬-ধর্মনগর, ৫৭-যুবরাজনগর বিধানসভা ক্ষেত্রের গণনা ধর্মনগরে হবে। তাছাড়া ৫৮-পানিসাগর বিধানসভা ক্ষেত্রের গণনা পানিসাগরে এবং ৫৯-পেচারথল (এসটি) ও ৬০- কাঞ্চনপুর (এসটি) বিধানসভা ক্ষেত্রের গণনা কাঞ্চনপুরে হবে। প্রতিটি বিধানসভা ক্ষেত্রের জন্য একটি করে কাউন্টিং হল থাকবে। সাংবাদিক সম্মেলনে জেলাশাসক আরও বলেন, ভোট গণনাকার্য সম্পন্ন করার ক্ষেত্রে বিভিন্ন ধরণের বিধিনিষেধ থাকবে। যেমন গণনা কেন্দ্রের ১০০ মিটার এলাকার মধ্যে যানবাহন নিয়ে প্রবেশ করা যাবেনা। গণনা কেন্দ্রে তিনষ্টরীয় নিরাপত্তামূলক ব্যবস্থা থাকবে।

সাংবাদিক সম্মেলনে জেলাশাসক বলেন, ইতিমধ্যেই জেলায় গণনাক্রমীদের মহড়া সম্পন্ন হয়েছে। প্রতি রাউন্ড গণনার ফলাফল লাউড স্পিকারে ঘোষণার ব্যবস্থা করা হবে। গণনা নিয়ে ধর্মনগর, পানিসাগর, কাঞ্চনপুর ও মহকুমাতেই মহকুমাত্তরে সভা করা হয়েছে। সাংবাদিক সম্মেলনে জেলার পুলিশ সুপার ভানুপদ চক্রবর্তী জানান, গণনাকার্য অবাধ ও শান্তিপূর্ণ ভাবে সম্পন্ন করার জন্য জেলায় পর্যাপ্ত নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। বিভিন্ন রাজনৈতিক দলের সমর্থকরা গণনার ফলাফল জানার জন্য যেস্থানে থাকবেন তা চিহ্নিত করা হয়েছে। সেখানেও নিরাপত্তামূলক ব্যবস্থা থাকবে। এদিনের সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলাশাসক বিপ্লব দাস, ইলেকশন ব্রাঞ্চ অফিসার অভিরাম দেববর্ম, তথ্য ও সংস্কৃতি দপ্তরের যুগ্ম অধিকর্তা দিলীপ কুমার দেববর্মা প্রমুখ।

\*\*\*\*\*